



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১৭৩/৬১৬/

তারিখঃ ১১.০৭.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন সাতগাঁও উত্তর কৃষ্ণপুর নেছারিয়া দাখিল মাদ্রাসার বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি মো: আব্দুল খালেক গত ১৭/০৬/২০১৯ খ্রি: তারিখে মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব আলহাজ্ব মো: আলমগীর গাজীকে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্য বিবরণী অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ১০/১০/২০১৮খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/২২১১৮১০৫৩৮৪১/১২৩২৮/নথি নং-১৭৩ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মো: আলমগীর গাজী, পিতা: মৃত হাজী মতিউর রহমান, গ্রাম: সাতগাঁও, ডাকঘর- সাতগাঁও, উপজেলা: চান্দিনা, জেলা: কুমিল্লাকে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

সুপার, সাতগাঁও উত্তর কৃষ্ণপুর নেছারিয়া দাখিল মাদ্রাসা
পো: সাতগাঁও, চান্দিনা, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-১৭৩/

তারিখঃ ১১.০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, চান্দিনা, কুমিল্লা।
৪. জনাব আলহাজ্ব মো: আলমগীর গাজী, সাতগাঁও উত্তর কৃষ্ণপুর নেছারিয়া দাখিল মাদ্রাসা।
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪